বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।
www.bb.org.bd

এফই সার্কুলার পত্র নম্বর ২১

তারিখ : ১৯ জ্যৈষ্ঠ ১৪২৭ / ০২ জুন ২০২০

বৈদেশিক মুদ্রায় লেনদেনে নিয়োজিত
সকল অনুমোদিত ডিলার ব্যাংকের
প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস।

প্রিয় মহোদয়গণ,

**অন্যান্য প্রযোজ্য খাতসহ রপ্তানিমুখী দেশীয় বস্ত্রখাতে শুল্ক বন্ড ও ডিউটি ড্র-ব্যাক এর পরিবর্তে বিকল্প নগদ সহায়তা/রপ্তানি ভর্তুকি প্রদানের ক্ষেত্রে অডিট ফার্ম নিয়োগ প্রসঙ্গে।**

শিরোনামোক্ত বিষয়ে ০২ জুন ২০০২ তারিখে জারিকৃত সার্কুলার পত্র নম্বর এফইপিডি(কম)২৯১/২০০২-১৩৬৭ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। ১১ জুলাই ২০০১ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার লেটার নম্বর ১২ এ বহিঃনিরীক্ষক হিসেবে কোনো নিরীক্ষা ফার্মকে একই ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানে একাদিক্রমে তিন বছর নিয়োগের অব্যবহিত পরবর্তী অন্যূন তিন বছরের জন্য নিয়োগ প্রদান করা যাবে না মর্মে নির্দেশনা জ্ঞাপিত রয়েছে। এ মর্মে স্পষ্ট করা যাচ্ছে যে, বিধিবদ্ধ নিরীক্ষা কিংবা নগদ সহায়তা/রপ্তানি ভর্তুকির কেস নিরীক্ষার লক্ষ্যে একাদিক্রমে তিন বছরের জন্য নিয়োজিত নিরীক্ষা ফার্মকে পরবর্তী তিন বছরের জন্য একই ব্যাংকে নগদ সহায়তা/রপ্তানি ভর্তুকির কেস নিরীক্ষার জন্য নিয়োগ করা যাবে না।

রপ্তানি ভর্তুকি/নগদ সহায়তার কেস নিরীক্ষায় নিরীক্ষক নিয়োগ সংক্রান্ত অন্যান্য এফই সার্কুলার/সার্কুলার পত্রের বর্ণিত নির্দেশনা যথারীতি অপরিবর্তিত থাকবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোহাম্মদ খুরশীদ ওয়াহাব)
মহাব্যবস্থাপক
ফোন : ৯৫৩০১২৩